অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লুমিনেট NY অ্যাক্সেলারেটর প্রতিযোগিতার ছয় রাউন্ডের বিজয়ীদের নাম ঘোষণা করেছেন

ওকুলি বিনিয়োগ হিসেবে 1 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে; পাঁচটি অতিরিক্ত কোম্পানি ফলো-অন বিনিয়োগ নিশ্চিত করেছে

এখন অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং প্রতিযোগিতার রাউন্ড 7-এর জন্য আবেদন গ্রহণ শুরু হয়েছে এবং 8 জানুয়ারি, 2024 তারিখ পর্যন্ত তা চলবে

NYS বিনিয়োগের পরিপূরকগুলো "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" – কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে সমৃদ্ধি করতে অঞ্চলটির একটি বিস্তৃত কৌশল

লুমিনেট NY প্রতিযোগীদের ছবি ও ভিডিও পাওয়া যাবে এখানে

লুমিনেট NY (Luminate NY) অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং স্টার্টআপ অ্যাক্সিলারেটর প্রতিযোগিতার ছয় রাউন্ডের বিজয়ী হিসেবে গভর্নর ক্যাথি হোকল আজ ওকুলি (Oculi)-এর নাম ঘোষণা করেছেন। বাল্টিমোর, মেরিল্যান্ড-ভিত্তিক ওকুলি লুমিনেট ফাইনাল 2023-এ "বছরের সেরা কোম্পানি (Company of the Year)" পুরস্কার জিতেছে যা রচেস্টারের ডাউনটাউনের ইনোভেশন স্কোয়ারে এবং অনলাইনে লাইভ অনুষ্ঠিত হয়েছিল। কোম্পানিটি ফিঙ্গার লেকস ফরোয়ার্ড আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভ (Finger Lakes Forward Upstate Revitalization Initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট থেকে 1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ পাবে। ওকুলি তার সদর দফতর রচেস্টারে স্থানান্তর করতে এবং ব্যাপক মাত্রায় উৎপাদন, বিক্রয় ব্যবস্থার সম্প্রসারণ এবং পণ্যের গুণগতমান বজায় রাখার জন্য অপারেশন স্কেল নিশ্চিত করতে ফলো-অন তহবিল ব্যবহার করবে। নেক্সটকর্পস (NextCorps) দ্বারা পরিচালিত লুমিনেট NY হলো স্টার্টআপ সংস্থাগুলোর জন্য বিশ্বের বৃহত্তম ব্যবসায়িক উদ্দীপক যাদের অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং সম্বলিত প্রযুক্তি রয়েছে। ফাইনাল ইভেন্টটি কোহর্টভিত্তিক এই কর্মসূচির ষষ্ঠ বছর পূর্তি করলো যার পোর্টফোলিওতে 50টি কোম্পানি রয়েছে। অনুদানটির আবশ্যিকতা অনুযায়ী, প্রতিযোগিতার সকল বিজয়ীদের কমপক্ষে পরবর্তী 18 মাস এই অঞ্চলে কর্মকাণ্ড পরিচালনা করার প্রতিশ্রুতি দিতে হবে।

“আমাদের স্টেট অত্যাধুনিক প্রযুক্তিগত গবেষণায় দেশকে নেতৃত্ব দিতে থাকবে তাই লুমিনেট NY-কে ধন্যবাদ,” **গভর্নর হোকল বলেন।** "প্রতিযোগিতার ষষ্ঠ রাউন্ডের বিজয়ীগণ বিশ্বের সবচেয়ে উদ্ভাবনীমূলক ব্যবসার প্রতিনিধিত্ব করে যারা অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং সাপ্লাই চেইনে রূপান্তরকারী পণ্য বা সেবা বাজারে নিয়ে আসছে। এই বছরের বিজয়ীদের অভিনন্দন জানানোর পাশাপাশি আমি দ্রুত বর্ধনশীল, উচ্চ-প্রযুক্তিগত ব্যবসা এবং শিল্পগুলোকে সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা নিউ ইয়র্ককে অনেক দূর এগিয়ে নিয়ে যাবে।”

ওকুলি বিশ্বের প্রথম স্মার্ট প্রোগ্রামেবল ভিশন সেন্সর যা ওকুলি SPU™ [সেন্সিং এবং প্রসেসিং ইউনিট (Sensing and Processing Unit, SPU™)] কম্পিউটার এবং মেশিন সংশ্লিষ্ট দৃষ্টিভঙ্গিকে পুনরায় সংজ্ঞায়িত করছে। এটি জীববিজ্ঞানের দক্ষতা—বিশেষ করে মানুষের চোখ—এবং মেশিনের গতিকে সমন্বিত করে কম্পিউটারের দৃষ্টিশক্তিকে আরো দ্রুত এবং দক্ষ করে তোলে। পিক্সেল লেভেলে সেন্সরে বুদ্ধিমত্তা এম্বেড করার মাধ্যমে, উদ্ভাবনী চিপটি বাড়ি, অফিস এবং যানবাহন জুড়ে স্মার্ট ডিভাইসগুলোকে আধুনিক করার সক্ষমতা রাখে। ওকুলির SPU প্রান্তভাগে ভিজ্যুয়াল বুদ্ধিমত্তার জন্য আদর্শ, যেমন- অঙ্গভঙ্গি ট্র্যাকিং, মুখ শনাক্ত এবং লো লেটেন্সি আই ট্র্যাকিং।

ওকুলি চার্বেল রিস্কের CEO বলেন, “লুমিনেট প্রোগ্রাম, দল এবং অঞ্চলটি আমার প্রত্যাশা ছাড়িয়ে গেছে। আমি মনোরম ফিঙ্গার লেকস অঞ্চল এবং এখানকার বিদ্যমান ইকোসিস্টেম সম্পর্কে অনেক কিছু শিখেছি। আমি আগে ভাবতাম যে, শুরুর দিন থেকে যদি এটি আমার কোম্পানির কেন্দ্রস্থল হতো।"

ওয়াশিংটন, ডিসি-ভিত্তিক ডিজিটায়েজ (Digiteyez) আউটস্ট্যান্ডিং গ্র্যাজুয়েট অনুদান এবং ফলো-অন বিনিয়োগ হিসেবে 400,000 মার্কিন ডলার পেয়েছে। কোম্পানিটি ক্লিয়ার (Clear)-এর মাধ্যমে চাহিদা অনুযায়ী চোখের যত্ন প্রদানের মাধ্যমে ভিশন শিল্পকে ডিজিটাইজ করছে যেটি একটি দ্রুত এবং সহজ অনলাইন চক্ষু পরীক্ষা যা গ্রাহকগণ যেকোনো ডিভাইস থেকে যেকোনো জায়গায় এটি সম্পন্ন করতে পারেন।

তিনটি কোম্পানি ডিস্টিংগুইশড গ্র্যাজুয়েট অ্যাওয়ার্ড (Distinguished Graduate Award)-এর জন্য নির্ধারিত যারা প্রত্যেকে ফলো-অন তহবিলে 200,000 মার্কিন ডলার পাবে। এর মধ্যে রয়েছে শিকাগো, ইলিনয়-ভিত্তিক ন্যানোপ্যাটার্ন টেকনোলজিস যা তার পেটেন্ট করা কেমিস্ট্রি এবং কোয়ান্টাম ডট কালি দিয়ে ডিসপ্লে প্রক্রিয়াকে রূপান্তরিত করছে; বার্লিন, জার্মানি-ভিত্তিক কোয়ান্‌টুন টেকনোলজিস যা বিশ্বের প্রথম চিপ-আকারের লেজার স্পেকট্রোমিটারের বাণিজ্যিকীকরণ করছে এবং বেলজিয়ামের লিউভেনে অবস্থিত সোয়াভ ফোটোনিক্স যেটি তার হলোগ্রাফিক এক্সটেন্ডেড রিয়েলিটি (Holographic eXtended Reality, HXR) প্রযুক্তির মাধ্যমে কিভাবে পরিবর্ধিত ও ভার্চুয়াল বাস্তবতা অনুভব করা হয় তা রূপান্তরিত করছে।

সম্মানজনক অর্জন এবং 50,000 মার্কিন ডলার ফোটোনেট ইন্টারকানেক্ট সলিউশন (Photonect Interconnect Solutions) পেয়েছে যেটি রচেস্টার-ভিত্তিক স্টার্টআপ যা প্রথাগত আঠার পরিবর্তে লেজার প্রযুক্তি ব্যবহার করে ফোটোনিক চিপের সংযোগে অপটিক্যাল ফাইবারের ভবিষ্যতকে নতুন আকার দিচ্ছে।

আজকের বিনিয়োগগুলি প্রদান করার পূর্বে অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং শিল্পখাত (optics, photonics, and imaging, OPI), এবং ভেঞ্চার ক্যাপিটালিস্ট সম্প্রদায়ের বিচারকদের একটি প্যানেল অংশগ্রহণকারী কোম্পানিগুলিকে তাদের ব্যবসার পিচ এবং ছয় মাসের অ্যাসিলেটর কর্মসূচি চলাকালে তাদের পিচের স্বপক্ষে করা কাজের উপর ভিত্তি করে নম্বর প্রদান করেছে।

এর সূচনার পর থেকে, লুমিনেট NY 63টি স্টার্টআপের জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। এই পোর্টফোলিওর কোম্পানিগুলোর এখন সব মিলিয়ে 650 মিলিয়ন মার্কিন ডলারের বেশি মূল্য রয়েছে। বিনিয়োগে আনুমানিক 1.5 থেকে 2 গুণ রিটার্নের পাশাপাশি, কোম্পানিগুলোর মধ্যে অনেকগুলোই মার্কিন কর্মকাণ্ড বা গবেষণা ও উৎপাদনের কিছু কার্যক্রম রচেস্টার অঞ্চলে স্থাপন করছে যার ফলে 164টি কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। লিড্রোটেক টেকনোলজিস (Lidrotec Technologies) যেটি গত বছরের "বছরের সেরা কোম্পানি" হিসেবে বিজয়ী তারা নিউ ইয়র্কে একটি অফিস স্থাপন করেছে এবং নিউ ইয়র্কে একটি প্রোটোটাইপ সিস্টেম স্থাপনে কাজ করছে।

লুমিনেট NY-এর ব্যবস্থাপনা পরিচালক ড. সুজাতা রামানুজন বলেন, "প্রাথমিক পর্যায়ের কোম্পানিগুলো যারা আধুনিক প্রযুক্তির বিকাশ করছে তাদের চাহিদার সাথে মিল রেখে সুনির্দিষ্ট সমর্থন প্রয়োজন। ফিঙ্গার লেকসে বিদ্যমান সমৃদ্ধ OPI সংস্থানগুলোর মাধ্যমে, আমরা তাদের দক্ষতা, অংশীদার এবং বিনিয়োগকারীদের সাথে নিজেদের মানিয়ে নিতে সক্ষম হয়েছি যা তাদের প্রযুক্তি এবং ব্যবসায়িক ধারাকে গতিশীল করতে সাহায্য করতে পারে। আমরা এই কর্মসূচি অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ যা আমাদের অঞ্চলে সেরা উদীয়মান সংস্থাগুলো নিয়ে আসছে।"

লুমিনেট NY অ্যাক্সিলারেটর রচেস্টারে অবস্থিত এবং ছয় মাসের হাইব্রিড কর্মসূচিতে অংশগ্রহণের জন্য প্রতি বছর 10 থেকে 12টি সম্ভাবনাময় কোম্পানি নির্বাচন করে। এই সময়ে, কোম্পানিগুলোকে তাদের প্রযুক্তি এবং ব্যবসা অগ্রসর করার জন্য 200 ঘণ্টারও বেশি প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি রিসোর্স প্রদান করা হয়। রাউন্ড 7-এর জন্য এখন আবেদন গ্রহণ করা হচ্ছে এবং তা 8 জানুয়ারি, 2024 তারিখ পর্যন্ত চলবে। 50,000 মার্কিন ডলার ফিঙ্গার লেকসে অঞ্চলের রিসোর্সগুলোতে ব্যবহার করা হবে এই প্রত্যাশা পালনে দলগুলো 2024 সালের এপ্রিলে প্রোগ্রাম শুরু হওয়ার পরে 100,000 মার্কিন ডলার পাবে। দলগুলো নির্ধারিত সপ্তাহের মধ্যে রচেস্টারে আসবে এবং অ্যাক্সিলারেটরে তাদের সময়কালে ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।

ফিঙ্গার লেকস অঞ্চলটিতে অগ্রগামী চিন্তার উদ্যোক্তা, যারা নিজেকে ব্যবসার বিকাশ করছে চাইছে, তাদের একটি অত্যন্ত সমৃদ্ধ ইকোসিস্টেম রয়েছে। রচেস্টারে রয়েছে ইস্টম্যান বিজনেস পার্কে (Eastman Business Park) ইন্টিগ্রেটেড ফোটোনিক্স টেস্ট, অ্যাসেম্বলি, এবং মোড়কজাতকরণ উৎপাদনের আমেরিকান ইনস্টিটিউটের (American Institute for Manufacturing Integrated Photonics' Test, Assembly, and Packaging) ফ্যাসিলিটি, রচেস্টার ইউনিভার্সিটির (University of Rochester) অপটিক্স ইনস্টিটিউট (Institute of Optics),

রচেস্টার টেকনোলজি ইনস্টিটিউট (Rochester Institute of Technology), এবং 150টির বেশি স্থানীয় OPI কোম্পানি যারা 17,000-এর বেশি মানুষকে চাকরি দিয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন, "ওকুলি এবং উদ্ভাবনীমূলক লুমিনেট NY প্রতিযোগিতার ছয় রাউন্ডে অংশগ্রহণকারী সকল ফাইনালিস্টকে অভিনন্দন। নিউ ইয়র্কের বিশ্ব-বিখ্যাত অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং শিল্পে উদ্ভাবন এবং বিনিয়োগ প্রক্রিয়াকে ত্বরান্বিত করার জন্য লুমিনেটের লেজার ফোকাস ফিঙ্গার লেকসকে একটি OPI হাব হিসেবে আরো সুদৃঢ় করেছে এবং এই ভবিষ্যত-চিন্তাকারী সংস্থাগুলো এই অঞ্চলে যে প্রবৃদ্ধি এবং প্রভাব বয়ে আনবে তা ভেবে আমরা বেশ উচ্ছ্বসিত।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "আমাদের অঞ্চল প্রজন্মের পর প্রজন্ম ধরে উদীয়মান প্রযুক্তির উদ্ভাবক এবং নেতৃত্বদানকারী পর্যায়ে রয়েছে। ওকুলি এবং সকল ফাইনালিস্টকে অভিনন্দন যারা উদ্ভাবনীমূলক লুমিনেট NY প্রতিযোগিতার ছয় রাউন্ডে অংশগ্রহণ করেছিলেন। আমরা আমাদের বিশ্ব-বিখ্যাত অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং শিল্পের প্রসার অব্যাহত রেখে এই কোম্পানিগুলো ফিঙ্গার লেকসে অঞ্চলে ভবিষ্যতের কার্যক্রম বৃদ্ধি এবং প্রভাব দেখার জন্য অধীর অপেক্ষায় রয়েছি।"

অ্যাসেম্বলি মেম্বার হ্যারি ব্রনসন বলেন, "লুমিনেট NY প্রতিযোগিতার ছয় রাউন্ডে বিজয়ী হওয়ার জন্য ওকুলিকে অভিনন্দন! ওকুলি এবং সকল ফাইনালিস্ট গতিশীল উদ্ভাবমূলক কার্যক্রমের প্রতিনিধিত্ব করে যা আমাদের কারিগরি খাতগুলোকে এখন থেকেই আমাদেরকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে কাজ করবে। তাদের দূরদর্শিতা এবং সৃজনশীলতা আমাদের অঞ্চলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং বিনিয়োগ সুবিধা বয়ে আনতে থাকবে। আমাদেরকে অবশ্যই তাদের ভিশন ও সাফল্যের সাথে মিলিয়ে সমতার ভিত্তিতে কর্মীবাহিনী বিকাশমূলক কর্মসূচি প্রদান করতে হবে যা শুধু উদীয়মান এবং বর্ধিষ্ণু শিল্পখাতগুলোকেই সমর্থন করবে না বরং আমাদের কমিউনিটির সকল সদস্যের জন্য ক্যারিয়ারের পথ সুগম করবে।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেল্লো বলেন, "লুমিনেট NY অ্যাক্সিলারেটর প্রোগ্রাম মনরো কাউন্টিতে উদ্যোক্তা তৈরি, উদ্ভাবন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রেখেছে। ওকুলি এবং রাউন্ড 6-এর সকল ফাইনালিস্টকে অভিনন্দন যারা নিঃসন্দেহে আমাদের অঞ্চলে অত্যাধুনিক প্রযুক্তির অগ্রগতি নিশ্চিত করবে এবং মনরো কাউন্টিতে উচ্চ-প্রযুক্তি সম্পন্ন অপটিক্স, ফোটোনিক্স এবং ইমেজিং কাজের সুযোগ ও বিনিয়োগ সুবিধা বয়ে নিয়ে আসবে। এই গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলো নিশ্চিত করার এবং আমাদের অঞ্চলের প্রযুক্তিগত ল্যান্ডস্কেপের ভবিষ্যত গঠনে সহায়তা করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, ফিঙ্গার লেক ফরোয়ার্ড এবং গভ. ক্যাথি হোকলকে ধন্যবাদ।"

রচেস্টারের মেয়র মালিক ইভান্স বলেন, "রচেস্টারের ইতিহাস সৃজনশীল চিন্তাবিদ, ঝুঁকি গ্রহণকারী এবং সমস্যা সমাধানের ক্ষেত্রে পরিপূর্ণ যাদের কাজ বিশ্বকে বদলে দিয়েছে—এবং সেই ঐতিহ্য আমাদের দূরদর্শী স্টেট এবং স্থানীয় নেতাগণ গর্বের সহিত ধারণ করেছেন। "তারা ফোটোনিক্স, অপটিক্স এবং ইমেজিং জগতে আমাদের সিটির প্রাক-মর্যাদাকে উৎসাহিত এবং ত্বরান্বিত করতে অক্লান্ত পরিশ্রম সাধন করেছে। ওকুলি এবং সকল ফাইনালিস্টদের অভিনন্দন,

আপনার ভবিষ্যত সাফল্যের জন্য শুভকামনা—কারণ আপনার সাফল্য মানেই আমাদের সাফল্য।”

লুমিনেট NY-এর ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://luminate.org/।

নেক্সটকর্পসের ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://nextcorps.org/।

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি “ফিঙ্গার লেকস ফরওয়ার্ড” এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক কৌশল। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলোতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। আরো তথ্য এখানে রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও ESD হলো আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর এবং স্টেটের আইকনিক পর্যটন ব্র্যান্ড “আই লাভ NY (I LOVE NY)" এর বিপণনের তত্ত্বাবধানকারী প্রধান প্রশাসনিক সংস্থা। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন